

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ২৫১

৭. রাত্রে নফল নামায (كتاب صلاة الليل)

পরিচ্ছেদঃ ১. রাত্রে নফল নামায পড়া

بَابِ مَا جَاءَ فِي صَلَاةِ اللَّيْلِ

## আরবী

وحدثني عن مالك عن إسمعيل بن أبي حكيم أنه بلغه أن رسول الله صلى الله عليه وسلم سمع امرأة من الليل تصلي فقال من هذه فقيل له هذه الحولاء بنت تويت لا تنام الليل فكره ذلك رسول الله صلى الله عليه وسلم حتى عرفت الكراهية في وجهه ثم قال إن الله تبارك وتعالى لا يمل حتى تملوا اكلفوا من العمل ما لكم به طاقة

## বাংলা

রেওয়ায়ত ৪. ইসমাইল ইবন আবি হাকিম (রহঃ) হইতে বর্ণিত, তিনি বলেন, তাহার নিকট খবর পৌছিয়াছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনৈকা স্ত্রীলোককে রাত্রিবেলা নামায পড়িতে শুনিলেন। তিনি বলিলেনঃ ইনি (স্ত্রীলোকটি) কে? (উত্তরে) তাহাকে বলা হইলঃ স্ত্রীলোকটি হাওলা বিনতে তুয়াইত। সে সারারাত্রি ঘুমায় না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইহাতে অসম্ভুষ্ট হইলেন, এমন কি তাহার চেহারা (মুবারক)-এর উপর নারাজি ভাব প্রকাশ পাইল। অতঃপর তিনি ফরমাইলেন, নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা পরিশ্রান্ত হন না, যতক্ষণ তোমরা পরিশ্রান্ত না হও। ততটুকু আমলই কর যতটুকু করার সামর্থ্য রাখ।

## **English**

Yahya related to me from Malik from Ismail from Ibn Abi Hakim that he had heard that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, heard a woman praying at night. He said, "Who is that?" and someone said to him, "It is al-Hawla bint Tuwayt, she does not sleep in the night." The Messenger of Allah, may Allah bless him and grant him peace, disapproved of that and his disapproval showed in his face. Then he said, "Allah, the Blessed and Exalted, does not become weary, but you become weary. Take on whatever is within your capability."



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন